

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

### চসিকের স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজাচ্ছি -মেয়র

চট্টগ্রামের জনস্বাস্থ্যের মান বাড়াতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজানো হচ্ছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার চসিক চিকিৎসকদের সমন্বয় সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বাংলাদেশের একমাত্র সিটি কর্পোরেশন হিসেবে আমরা স্বাস্থ্য ও শিক্ষা সেবা দিয়ে থাকি। মেয়র হিসেবে দায়িত্ব নেয়ার পরপরই স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজানোর পদক্ষেপ নিয়েছি।

"করোনা মহামারী, টিকা কার্যক্রম ও সাম্প্রতিক ডেঙ্গুর প্রাদুর্ভাব মোকাবিলায় চসিকের স্বাস্থ্য বিভাগ চট্টগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ইতোমধ্যে চিকিৎসকদের স্থায়ী করার উদ্যোগ করা হয়েছে। আমার লক্ষ চসিকের স্বাস্থ্য বিভাগকে আধুনিকায়ন ও সম্প্রসারণ করা।"

সভাপতির বক্তব্যে চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, চট্টগ্রামের স্বাস্থ্যসেবায় চসিক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও অনেক চিকিৎসকের চাকরি স্থায়ী না হওয়ায় মেধাবী চিকিৎসকরা চসিকে যোগ দিচ্ছেন না বা যোগ দিলেও চাকরি ছেড়ে চলে যাচ্ছেন আর যারা আছেন তারাও হীনমন্যতায় ভুগছেন। তিনি অস্থায়ী চিকিৎসকদের চাকুরী স্থায়ীকরণের আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, কাউন্সিলর জাফরুল হায়দার সবুজ, আবদুস সালাম মাসুম, নুরুল আমীন, নুরুল আমিন মিয়া, এসরারুল হক, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মো. আবুল হাশেম প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮